গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া
E-mail : bogra_poly@yahoo.com
Web:www.bograpoly.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ ০৩/১২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সেবা প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের সাথে মতবিনিময় সভা |
| প্রধান অতিথি | ঃ জনাব মোঃ রফিকুল ইসলাম,অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| বিশেষ অতিথি | ঃ জনাব বুজিনা সুলতানা, উপসচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| বিশেষ অতিথি | ঃ জনাব মোঃ শাফিউল ইসলাম, পরিচালক (উপসচিব) নেকটার, বগুড়া |
| সভাপতি | ঃ জনাব মোঃ আবু সাইম জাহান, অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব) |
| তারিখ ও সময় | ঃ ০৩/১২/২০২২ খ্রিস্টাব্দ বেলা ০১:০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ সেমিনার কক্ষ |
| উপস্থিতি | ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর 'পরিশিষ্ট-ক'। |

অধ্যক্ষ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অদ্য ০৩/১২/২০২২ খ্রিস্টাব্দ তারিখ দুপুর ১:০০ ঘটিকায় এ ইন্সটিটিউটের সেমিনার কক্ষে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সাথে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। তিনি উক্ত বিষয় সম্পর্কে সকলকে অবহিত করেন ও মতামত প্রদানের জন্য আহবান জানান। উপস্থিত অংশীজনগণ উক্ত বিষয়াবলীর ওপর বিস্তারিত আলোচনা করেন ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেন:

১। অনুষ্ঠানের শুরুতেই এ প্রতিষ্ঠানের অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোঃ আবু সাইম জাহান স্বাগতম বক্তব্য রাখেন এবং এ ইন্সটিটিউটের বিভিন্ন প্রাপ্তি ও সার্বিক দিক নিয়ে আলোচনা করেন।

২।অভিভাবক জনাব খলিলুর রহমান ছাত্র/ছাত্রীদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের বিষয়ে বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং এ প্রতিষ্ঠানের বিভিন্ন দিক নিয়ে প্রশংসা করেন।

৩। এ ইন্সটিটিউটের ২ জন ছাত্র ও ১ জন ছাত্রী সেবা প্রদান সম্পর্কিত গঠনমূলক আলোচনা ও প্রস্তাব উপস্থাপন করেন। যেমন এ ইন্সটিটিউটের সাপ্লাই পানির মধ্যে মাঝে মাঝে ময়লা আসে তার প্রতিকার ও ইন্সটিটিউটের ক্যান্টিন চালুর বিষয়ে প্রস্তাব উপস্থাপন করেন।

৪। এ ইন্সটিটিউটের সিভিল বিভাগের ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান জনাব মোঃ নূরুজ্জামান বলেন যে, ইন্সটিটিউট ১৯৬২ সনে স্থাপিত হয়। সে সময় পানির লাইন আন্ডার গ্রাউন্ড দিয়ে জি, আই পাইপ দিয়ে করা হয়। উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক মোটরের পানির চাপে জি, আই পাইপের মরিচা ময়লা হিসেবে এসে থাকে এবং পানির পাইপ স্থাপনের নকশা খুঁজে না পাওয়ায় সঠিকভাবে কাজ করা সম্ভব হয় নাই। তবে প্রতিষ্ঠানের বেশীর ভাগ স্থানে পানির লাইনের সংস্কার করা হয়েছে এবং সংস্কার কাজ চলমান রয়েছে।

৫। এ ইন্সটিটিউটের দক্ষিণপ্রান্তিক ছাত্রাবাসের সুপার জনাব মোঃ শফিকুল ইসলাম প্রামাণিক বলেন ছাত্রদের সুপেয় পানির জন্য হোস্টেলে বিভিন্ন ফ্লোরে পানি বিশুদ্ধকরণ ফিল্টার স্থাপন করা হয়েছে এবং পরবর্তীতে আরোও ফিল্টার স্থাপন করবেন।

৬। এ আলোচনা সভার বিশেষ অতিথি জনাব মোঃ শাফিউল ইসলাম, পরিচালক নেকটার এ ইন্সটিটিউটের সিটিজেন চার্টার নিয়ে আলোচনা করেন এবং সেবা গ্রহীতার জন্য সুচিন্তিত মতামত ও সংশোধনের প্রস্তাব করেন।

৭। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপসচিব জনাব বুজিনা সুলতানা সুপেয় পানির বিষয়ে ও সিটিজেন চার্টার নিয়ে আলোচনা করেন ও দ্রুত এর একটি সমাধানের জন্য আলোকপাত করেন।

৮। এ আলোচনা সভার প্রধান অতিথি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম সেবা প্রদানের প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের নিয়ে আলোচনা করেন সেবা গ্রহীতাদের সহজে সেবা পাওয়ার পদ্ধতি ও প্রক্রিয়া নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

অতঃপর সভাপতি অধ্যক্ষ মহোদয় বলেন করোনাকালীন সময়ে ক্যান্টিন বন্ধ হয়। ছাত্র-ছাত্রীদের ক্যান্টিন চালুর বিষয়টি নিয়ে আলোচনা চলমান রয়েছে। সিটিজেন চার্টার আপডেট করে ওয়েব সাইটে আপলোড করবেন বলে প্রত্যাশা ব্যক্ত করেন। প্রধান অতিথি ও বিশেষ অতিথিসহ উপস্থিত সকল অংশীজনকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
(মোঃ আবু সাইম জাহান)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং ঃ ৫৭.০৩.১০২০.৩০১.০৬.০৫১.২২-৫৮৬(১০)
তারিখ ঃ ০৩/১২/২০২২ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।
৩. উপাধ্যক্ষ/ওসি একাডেমিক, এ ইন্সটিটিউট।
৪. চীফ ইন্সট্রাক্টর/বিভাগীয় প্রধান (সকল), এ ইন্সটিটিউট।
৫. হোস্টেল সুপার, উত্তর/দক্ষিণ প্রান্তিক ছাত্রাবাস/করতোয়া ছাত্রীনিবাস, এ ইন্সটিটিউট।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরীক্ষা নিয়ন্ত্রণ সেল/নিরাপত্তা, এ ইন্সটিটিউট।
৭. ফোকাল পয়েন্ট, আইটি, এ ইন্সটিটিউট।
৮. জনাব...........................................................................................
৯. রেজিষ্ট্রার/প্রধান সহকারী/হিসাব রক্ষক/কেয়ার টেকার/স্টোর কিপার/লাইব্রেরীয়ান/ফার্মাসিস্ট, এ ইন্সটিটিউট।
১০. নথি।

০৩/১২/২০২২
(মোঃ আবু সাইম জাহান)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ০২৫৮৮৮১৪০৬০

\\192.168.0.2\e\Genaral all Doc\Meeting Resolution Aca cum Administrative\Regulation-3-12-2022.doc